

বর্ধিত সভায় খালেদা জিয়া ছাত্ররাই ছাত্রদল চালাবে বয়স্করা যাবে মূল দলে

নিজস্ব প্রতিবেদক

বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া বলেছেন, ছাত্রদের দিয়েই ছাত্রদল চালানো হবে। ভবিষ্যতের সব কমিটিতে শুধু ছাত্রদেরই রাখা হবে। বয়স্করা যাবেন বিএনপি ও যুবদলে। তিনি আগামী তিন মাসের মধ্যে ছাত্রদলের একটি স্থায়ী গঠনতন্ত্র করার জন্য নেতা-কর্মীদের নির্দেশ দিয়েছেন।

বর্তমান সরকারকে বার্ষ আখ্যায়িত করে খালেদা জিয়া আন্দোলনে প্রস্তুত হওয়ার জন্য ও ছাত্রদলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

খালেদা জিয়া রাজধানীর ভিক্রোয়া ইন্সটিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং মিলনায়তনে গতকাল বুধবার সংগঠনটির বর্ধিত সভায় বক্তব্য দিয়েছেন।

দেশের প্রধান দুই দলের সমন্বিত ছাত্রসংগঠনেই বহুদিন আগে ছাত্রত্ব শেষ হওয়া বা পদের জন্য ছাত্রত্ব আঁকড়ে রাখা বহু নেতা রয়েছেন।

সভায় বিএনপির নেত্রীরা কাছে স্মৃতিস্মারক, অক্ষয় শিবির ও বিএনপি নেতাদের প্রত্নবস্তু পূর্ণাঙ্গ কবিতার দাবি জানিয়েছেন ছাত্রদলের তামুল নেতারা। ফুল ও নেতারা ছাত্রদল নিয়ে তাদের নানান অভিযোগ ও ক্ষেত্রের কথা তুলে ধরেন।

বর্ধিত সভার উদ্বোধন করেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর। জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরের নাম পরিবর্তন এবং বিরোধীদলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে মামলার কথা তুলে ধরে এরপর পৃষ্ঠা ২১ কলাম ৭

বয়স্করা যাবে মূল দলে

শেষ পৃষ্ঠার পর ছাত্রদলকে শাসী ভূমিকা নিয়ে আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান তিনি।

ছাত্রদলের সভাপতি মূলতান মাদানউল্লিনের সভাপতিত্বে বর্ধিত সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন ছাত্রদলের সাবেক কেন্দ্রীয় নেতা বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা শামসুজ্জামান যুগ্ম মহাসচিব আমানউল্লাহ আমান। শিক্ষাবিষয়ক সম্পাদক খায়রুল কবির, ছাত্রবিষয়ক সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী, বেঙ্গলেসবক দলের সভাপতি হাবিব উন নঈ খান, ছাত্রদলের সাধারণ সম্পাদক অখিরুল ইসলাম প্রমুখ।

সভার দ্বিতীয় অধিবেশনে বিজেল ছাত্রদল নেতাদের সঙ্গে বক্তব্যর বৈঠক করেন খালেদা জিয়া। বর্ধিত সভায় সংগঠনের সারা দেশের ৮৫টি ইউনিটের কেন্দ্রীয় নেতারা আনু নে। এর মধ্যে ৬৭টি ইউনিটের প্রতিনিধিত্ব সভায় বক্তব্য দেন।

গতকালের বৈঠকে অংশ নেওয়া ছাত্রদলের একাধিক নেতা প্রথম অধিবেশনে জানিয়েছেন, ফুল তামুল নেতারা নানা বিষয়ে খালেদা জিয়ার কাছে তাঁদের অভিযোগ, নানা মন্তব্য-বক্তব্য ও কোর্সের কথা তুলে ধরেন। তাঁরা এক-এগারো-পরবর্তী সাম্প্রতিক পরিচিতি, নবম জাতীয় নির্বাচনের ফল বিশ্লেষণ, চারদলীয় জোটের শরিক দলের সঙ্গে সম্পর্ক নিয়েও কথা বলেছেন। খালেদা জিয়া তাঁদের অভিযোগগুলো মন দিয়ে শোনেন এবং নেট নেব। তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বানও দিয়েছেন।

খালেদা জিয়া ছাত্রদলের নেতাদের বিএনপির নেতাদের পরামর্শ না শোনার আহ্বান জানিয়ে বলেন, সম্পর্কের নেতাদের কবাই তবুও সে অস্বাভাবিক কাজ করবে। কোনো বিএনপি নেতার পক্ষেই হবে না।

বসবন্ধুর নাম উল্লেখ না করে তাঁকে হুমকি করে বিএনপির চেয়ারপারসন বলেন, তিনি দেশের জন্য কিছু করার চেষ্টা করেছিলেন কিন্তু পারেননি। কেননা, তাঁর ভাষায় তাঁকে একটি চোরের খনি নিয়ে কাজ করা করতে হয়েছিল।

সভায় জামালপুর জেলা ছাত্রদলের সভাপতি মাহবুবুর রহমান জিলানী বলেন, ছাত্রদলের বর্তমান কমিটি ভেঙে ইউনিটের পর্যায় থেকে কাউন্সিলের মাধ্যমে কমিটি পুনর্গঠন করে সংগঠনকে শক্তিশালী করতে হবে।

চট্টগ্রাম জেলা ছাত্রদলের সাম্প্রতিক সম্পাদক সারোয়ার উদ্দিন সংগঠনকে শক্তিশালী করতে ছাত্রদের হাতে নেতৃত্ব ফিরিয়ে নেওয়ার দাবি জানান। তিনি বলেন, বয়স্ক ও অছাত্রদের হাতে সংগঠনের নেতৃত্ব দেওয়ার তাঁরা দুর্বৃত্তি সহ বিতর্কিত কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছেন।

কুড়িগ্রাম জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক জল হাদিসুজ্জামান হাদিদ বলেন, শিবিরের কর্মসূচিতে ছাত্রদলের অংশ নেওয়া ঠিক হবে না।